



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পুলিশ
উপ-পুলিশ কমিশনার
গোয়েন্দা বিভাগ (ডিবি) এর কার্যালয়
রংপুর মেট্রোপলিটন পুলিশ, রংপুর



তাং-১৫/১১/২০২০খ্রিঃ

প্রেস রিলিজ

রংপুর মেট্রোপলিটন পুলিশের গোয়েন্দা বিভাগ (ডিবি) কর্তৃক কোতয়ালী থানাধীন
শাহু সাবান ফ্যাক্টরীতে অভিযান



অদ্য ১৫/১১/২০২০ খ্রিঃ গোপন সংবাদের ভিত্তিতে রংপুর মেট্রোপলিটন গোয়েন্দা বিভাগ এর উপ পুলিশ কমিশনার (ডিবি) জনাব মোঃ কাজী মুত্তাকী ইবনু মিনান মহোদয়ের নির্দেশনায় অতিঃ উপ-পুলিশ কমিশনার (ডিবি) জনাব উত্তম প্রসাদ পাঠক এর নেতৃত্বে ইন্সপেক্টর (নিঃ), এবিএম ফিরোজ ওয়াহিদ, এসআই(নিঃ) মোঃ বাবুল ইসলাম, এসআই (নিঃ) মোঃ গোলাম মোর্শেদ, এসআই (নিঃ) মোঃ নাজমুল ইসলাম, কং/ হবিবর, রহমান, কং/সোহরাব হোসেন, কং/আনোয়ার হোসেন অন্যান্য অফিসার ফোর্স সহ কোতয়ালী থানাধীন ২৩ নং ওয়ার্ডস্থ জলকড় মসজিদ মোড় শাহু সাবান ফ্যাক্টরীতে অভিযান পরিচালনা করিয়া বিপুল পরিমাণে-

- ক) সুপার ছাই গ্রিন কাপার কাচার সাবান।
- খ) নিউ হাঙ্গর গ্রিন কাপার কাচার সাবান।
- গ) ছাই সুপার বল সাবান।
- ঘ) ছাই পাওয়ার হোয়াইট ডিটারজেন্ট পাওয়ার।
- ঙ) কেমিক্যাল, স্টিকার ও তৈরি সামগ্রী, বিভিন্ন নামীয় ০৪ টি আইটেমের সাবান এবং মেশিনপত্র সহ প্রায় ৫০ থেকে ৬০ লক্ষাধিক টাকার মালামাল জব্দ করা হয়।

এছাড়াও, উক্ত ফ্যাক্টরীর

- ১) ক্যামিষ্ট নাই।
- ২) পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র নাই।
- ৩) শ্রমিকদের সাস্থ্য সুরক্ষার ব্যবস্থা নাই।
- ৬) কর্মীদের চিকিৎসা সনদ নাই।
- ৭) কেমিক্যাল অরক্ষিত খোলা যায়গায়।
- ৮) মেশিন অপারেটর নাই।

বিধায় পরবর্তীতে নির্বাহী ম্যাজিস্ট্রেট জনাব আফরিন জাহান ভ্রাম্যমান আদালত পরিচালনা করে উক্ত কোম্পানির মালিক মোঃ জাকির হোসনে (৪৫), পিতা- মৃত আঃ রাজ্জাক , সাং- জুম্মাপাড়া, থানা- কোতয়ালী , ওয়ার্ড নং- ২৩, কোতয়ালী, আরপিএমপিএমপি, রংপুর-কে ভোক্তা অধিকার আইন ২০০৯ এর ৩৭ ধারায় ৬০ হাজার টাকা জরিমানা অনাদায়ে ৩ মাসের বিনাশ্রম কারাদণ্ড এবং উক্ত প্রতিষ্ঠান কে সকল ত্রুটি সংশোধন করে উৎপাদন করার আদেশ দেন।

উল্লেখ্য যে রংপুর মেট্রোপলিটন পুলিশের সকল ধরনের অবৈধ কার্যক্রম নিয়ন্ত্রনে আরপিএমপি গোয়েন্দা বিভাগ(ডিবি) টিমের অভিযান অব্যাহত থাকবে

যে কোন অপরাধ দমনে তথ্য দিন বা যোগাযোগ করুন
অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার (ডিবি)- (০১৩২০-০৭৩৬৬১)।



১৫.১১.২০২০
(উত্তম প্রসাদ পাঠক)
অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার
(ডিবি এন্ড মিডিয়া)
পক্ষে/পুলিশ কমিশনার
রংপুর মেট্রোপলিটন পুলিশ, রংপুর
মোবাইল-০১৭২০-০৭৩৬৬১